কুষ্টিয়ায় দুই মোটরসাইকেল মুখোমুখী সংঘর্ষে নিহত-১

কুষ্টিয়ার মিরপুরে মোটরসাইকেলের মুখোমুখী সংঘর্ষে রুবেল হুসাইন
(৩৮) নামের এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। এ ঘটনায় আরও দুজন গুরুতর আহত হয়। তাদের উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতাল ভর্তি করা হয়েছে।

আজ শুক্রবার দুপুরের দিকে কুষ্টিয়া-রাজশাহী মহাসড়কের মিরপুর উপজেলার গোবিন্দপুর নামক এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত মোটরসাইকেল আরোহী রুবেল হুসাইন কুষ্টিয়া শহরের কুঠিপাড়া এলাকার আব্দুল মান্নান ছেলে। এবং আহত রানা আহম্মেদ কুষ্টিয়া শহরের কলেজমোড় এলাকার বাসিন্দা ও রহিম আলী থানাপাড়া এলাকার বাসিন্দা।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানায়, দুপুরের দিকে রুবেল হুসাইন কুষ্টিয়া থেকে ভেড়ামারা যাওয়ার পথে গোবিন্দপুর নামক স্থানে পৌছালে সামনের দিকে থেকে আসা আরেকটি মোটরসাইকেলের সাথে মুখোমুখী সংঘর্ষ ঘটলে নিয়ন্ত্রণ হারিয়ে দুইটি মোটরসাইকেল আরোহীসহ রাস্তার পাশে ছিটকে পড়ে গুরুতর আহত হয়। স্থানীয়রা তাদেরকে গুরুতর আহত অবস্থায় উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নিলে সেখানকার কর্তব্যরত চিকিৎসক রুবেল হুসাইন মৃত ঘোষণা করেন। এবং আহত রানা আহম্মেদ এর অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়।

মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোস্তফা হাবিবুল্লাহ জানান, গোবিন্দপুর নামক স্থানে নিয়ন্ত্রণ হারিয়ে দুইটি মোটরসাইকেল এর মুখোমুখী সংঘর্ষের ঘটনায় একজন নিহত হয়েছে। নিহতের লাশ উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে বলেও জানান তিনি।